গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন-৪ (মনিটরিং ও সমন্বয়) অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mohfw.gov.bd

**বিষয়: স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ইনোভেশন টিমের জুলাই ২০১৮ মাসের সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব শেখ মুজিবুর রহমান, যুগ্মসচিব (প্রশাসন) ও চিফ ইনোভেশন অফিসার স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা। |
| স্থান | : | মন্ত্রণালয়ের সভাকক্ষ (কক্ষ নং-৩৩২, ভবন নং-৩)। |
| তারিখ ও সময় | : | ২৫.০৭.২০১৮ খ্রিঃ, বেলা: ১১:০০ ঘটিকা। |

সভায় উপস্থিত সদস্যগণের তালিকা: **পরিশিষ্ট 'ক'** তে সন্নিবেশিত।

সভাপতি উপস্থিত সদস্যদের স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি প্রশাসনে ইনোভেশনের গুরুত্ব তুলে ধরে বলেন, ইনোভেশন কর্মসম্পাদন চুক্তিতে অন্তর্ভুক্ত রয়েছে। সেজন্য ইনোভেশনের সভা, প্রশিক্ষণ, মাঠ পরিদর্শন নিয়মিতভাবে করতে হবে। কার্যবিবরণীগুলো নিয়মিত মন্ত্রিপরিষদ বিভাগে পাঠাতে হয় কাজেই তিনি অধিদপ্তর/দপ্তরসমূহকে নিয়মিত মাসিক সভা আয়োজন এবং সভার কার্যবিবরণী নির্ধারিত সময়ের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণের জন্য অনুরোধ জানান। তিনি সচিব মহোদয়ের সভাপতিত্বে মাঠ পর্যায়ের ইনোভেশন প্রকল্পগুলো বাছাই করে শোকেসিং এর ব্যবস্থা করার জন্য নির্দেশনা প্রদান করেন। তিনি আরো জানান যে, দেশে অনেক সার্টিফিকেট বিহীন/নকল সার্টিফিকেটধারী চিকিৎসক রয়েছে। মন্ত্রিপরিষদ বিভাগ থেকে এগুলোকে চিহ্নিত করতে বলা হয়েছে। তিনি দেশের সকল সার্টিফিকেট বিহীন/নকল সার্টিফিকেটধারী চিকিৎসককে চিহ্নিত করার নতুন পদ্ধতি উদ্ভাবনের জন্য কাজ করতে অনুরোধ জানান। তিনি চিকিৎসকদের সাইনবোর্ড, ব্যবহৃত প্যাড, ভিজিডিং কার্ড সকল জায়গায় BMDC'র রেজিস্ট্রেশন নং লেখা বাধ্যতামূলক করার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অনুরোধ করেন।

০২. **বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন:** সভাপতি মহোদয়ের সম্মতিক্রমে ড. বিলকিস বেগম, উপসচিব (মনিটরিং ও সমন্বয়) সভার কার্যবিবরণী পাঠ করেন। তিনি পরবর্তী ইনোভেশন সভার পূর্বের কার্যবিবরণীর সিদ্ধান্তসমূহের বাস্তবায়নের অগ্রগতি সংশ্লিষ্ট বাস্তবায়নকারী কর্তৃপক্ষকে লিখিত আকারে প্রশাসন-৪ অধিশাখায় প্রেরণের জন্য করার অনুরোধ জানান। আর কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে কার্যবিবরণীটি দৃঢ়ীকরণ করা হয়।

০৩. **মাসিক সভা:** ড. বিলকিস বেগম, উপসচিব (মনিটরিং ও সমন্বয়) অধিদপ্তর/দপ্তরসমূহে মাসিক ইনোভেশন টিমের সভার বিষয়ে দৃষ্টি আকর্ষণ করলে স্বাস্থ্য অধিদপ্তর ছাড়া অন্যান্য অধিদপ্তর/দপ্তরসমূহের প্রতিনিধি নিয়মিত মাসিক ইনোভেশন সভা অনুষ্ঠিত হচ্ছে এবং সভার কার্যবিবরণী মন্ত্রণালয়ে প্রেরণ করা হচ্ছে মর্মে জানায়। সভাপতি মহোদয় অধিদপ্তর/দপ্তরসমূহের ইনোভেশন টিমের সভার তারিখ মন্ত্রণালয়কে অবহিত করতে নির্দেশনা প্রদান করেন যাতে মন্ত্রণালয়ের প্রতিনিধি উক্ত সভায় পর্যবেক্ষক হিসাবে অংশ গ্রহণ করতে পারে।

০৪. **ইনোভেশন সংক্রান্ত প্রশিক্ষণ:** ড. বিলকিস বেগম, উপসচিব (মনিটরিং ও সমন্বয়) ইনোভেশন সংক্রান্ত ২ (দুই) ও ৫ (পাঁচ) দিনের প্রশিক্ষণের বিষয়ে দৃষ্টি আকর্ষণ করলে স্বাস্থ্য অধিদপ্তরের প্রতিনিধিগণ জানান ইনোভেশন সংক্রান্ত শুধুমাত্র ২ (দুই) দিনের প্রশিক্ষণ সমাপ্ত হয়েছে। সভাপতি মন্ত্রণালয়সহ অন্যান্য অধিদপ্তর/দপ্তরসমূহকে চলতি বছরের জন্য ২ (দুই) দিনের ও ৫ (পাঁচ) দিনের প্রশিক্ষণ আয়োজনের উদ্যোগ গ্রহণের আহবান জানান।

০৫. **বিদেশ প্রশিক্ষণ:** সভাপতি বিদেশ প্রশিক্ষণ শেষে অর্জিত জ্ঞান ও অভিজ্ঞতা সম্পর্কিত প্রতিবেদন ১৫ (পনের) দিনের মধ্যে কর্মকর্তাদের সচিব মহোদয়ের নিকট জমা দান এবং প্রতিবেদনের উল্লেখযোগ্য অংশ সচিব মহোদয়ের সভাপতিত্বে প্রেজেন্টেশন আকারে উপস্থাপনের নির্দেশনা প্রদানের জন্য বিশ্বস্বাস্থ্য অনুবিভাগকে অনুরোধ করার আহবান জানান।

০৬. **রেপ্লিকেশনের অগ্রগতি:** স্বাস্থ্য অধিদপ্তরের প্রতিনিধি জানান "কমিউনিটিতে মা ও শিশু স্বাস্থ্য ব্যবস্থার মাধ্যমে মা ও শিশু মৃত্যুর হার কমানো" প্রকল্পটি দেশের ২৬ জেলায় রেপ্লিকেশন করা হয়েছে। সভাপতি অন্যান্য জেলায় প্রকল্পটি

রেপ্লিকেশনের তাগিদ দেন এবং "সরকারি হাসপাতালে বহিঃ বিভাগে সেবা প্রদান সহজীকরণ" প্রকল্প দ্রুত রেপ্লিকেশনের জন্য স্বাস্থ্য অধিদপ্তরকে নির্দেশনা প্রদান করেন।

০৭. **শোকেসিং ওয়ার্কশপ:** সভাপতি শোকেসিং'র জন্য প্রকল্প বাছাই করতে এবং শোকেসিং ওয়ার্কশপ আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। তিনি উপসচিব (মনিটরিং ও সমন্বয়) কে সচিব মহোদয়ের সভাপতিত্বে স্বাস্থ্য সেবা বিভাগের অধীন অধিদপ্তর/দপ্তর প্রধান, ইনোভেশন টিমের সদস্য এবং ইনোভেটরদের সমন্বয়ে আগস্ট, ২০১৮ মাসের মধ্যে প্রকল্প বাছাই সভা আয়োজনের জন্য প্রশাসন-৪ কে নির্দেশনা প্রদান করেন।

০৮. **মাঠ পর্যায়ে ইনোভেশন পাইলট সমূহের অগ্রগতি:** সভাপতি রাজশাহী জেলার পুঠিয়া উপজেলায় "কমিউনিটিতে মা ও শিশু স্বাস্থ্য ব্যবস্থার মাধ্যমে মা ও শিশু মৃত্যুর হার কমানো" প্রকল্পটির পীঠস্থান পরিদর্শন করে সভায় লব্ধ অভিজ্ঞতা তুলে ধরেন। তিনি মাঠ পর্যায়ে অন্যান্য প্রকল্পগুলোর বাস্তব অবস্থা পরিদর্শনের নির্দেশনা প্রদান করেন। তিনি প্রশাসন-৪ কে মাঠ পর্যায়ের ইনোভেশন প্রকল্প পরিদর্শনের জন্য কর্মকর্তা মনোনয়ন করতে অনুরোধ জানান।

০৯. **মন্ত্রণালয়ের কর্মকর্তা/কর্মচারীদের ডাটাবেজ (Database) তৈরি:** সিস্টেম এনালিস্ট জনাব আহমেদ লতিফুল হোসেন, কর্মকর্তা/কর্মচারীদের মানব সম্পদ ডাটাবেজ তৈরির কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে মর্মে সভাকে অবহিত করেন।

১০. **বার্ষিক উদ্ভাবন পরিকল্পনা প্রণয়ন:** সভাপতি স্বাস্থ্য সেবা বিভাগের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি মূল্যায়ন কাঠামো, ২০১৮-২০১৯ সম্পর্কে দৃষ্টি আকর্ষণ করলে স্বাস্থ্য অধিদপ্তর ব্যতীত নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঔষধ প্রশাসন অধিদপ্তর, নিমিউ টেমোর প্রতিনিধিগণ বার্ষিক উদ্ভাবন পরিকল্পনা প্রণয়ন করা হয়েছে মর্মে জানান। সভাপতি যথা সময়ের মধ্যে অন্যান্যদের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি মূল্যায়ন কাঠামো, ২০১৮-২০১৯ প্রণয়নের অনুরোধ জানান।

১১. **হেল্প ডেস্ক চালু:** সভাপতি দর্শনার্থীদের তথ্য প্রদানের জন্য মন্ত্রণালয়ে একটি হেল্প ডেস্ক চালু ও নির্দেশনা বোর্ড স্থাপনের জন্য প্রশাসন-২ শাখাকে অনুরোধ করেন। তিনি নির্দেশনা বোর্ড ৩ (তিন) নম্বর বিল্ডিং এর ৪র্থ ও ৩য় তলায় এবং ক্লিনিক ভবনে স্থাপন করতে নির্দেশনা প্রদান করেন।

১২. সভায় সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্র: নং | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ১২.১ | স্বাস্থ্য সেবা বিভাগের অধীন দপ্তরসমূহকে প্রতিমাসে নিয়মিত ইনোভেশন সংক্রান্ত মাসিক সভা করতে হবে এবং কার্যবিবরণী নিয়মিতভাবে মন্ত্রণালয়ের প্রশাসন-৪ অধিশাখায় প্রেরণ করতে হবে। | অধিদপ্তর/দপ্তরসমূহ |
| ১২.২ | মন্ত্রণালয়ের মাসিক ইনোভেশন সভার কার্যবিবরণীর সিদ্ধান্তসমূহ বাস্তবায়ণপূর্বক অগ্রগতি প্রতিবেদন প্রশাসন-৪ অধিশাখায় প্রেরণ করতে হবে। | সংশ্লিষ্ট শাখা/অধিশাখা এবং অধিদপ্তর/দপ্তরসমূহ |
| ১২.৩ | অধিদপ্তরসমূহের ইনোভেশন সভা পর্যবেক্ষণ করতে হবে; | যুগ্মসচিব (প্রশাসন)/ প্রশাসন-৪ |
| ১২.৪ | বিদেশ প্রশিক্ষণ শেষে কর্মকর্তাগণকে অর্জিত জ্ঞান ও অভিজ্ঞতা সম্পর্কিত প্রতিবেদন ১৫ (পনের) দিনের মধ্যে সচিব মহোদয়ের নিকট জমা দান এবং সচিব মহোদয়ের সভাপতিত্বে প্রেজেন্টেশন আকারে উপস্থাপনের নির্দেশনা প্রদান করতে হবে। | বিশ্বস্বাস্থ্য-১ |
| ১২.৫ | মন্ত্রণালয় ও অধিদপ্তরকে প্রতি অর্থ বছরে ইনোভেশন কর্মপরিকল্পনা অনুসারে ০২ (দুই) ও ০৫ (পাঁচ) দিনের প্রশিক্ষণের উদ্যোগ গ্রহণ করতে হবে; | প্রশাসন অনুবিভাগ/ অধিদপ্তর/দপ্তরসমূহ |
| ১২.৬ | সেপ্টেম্বর, ২০১৮ মাসের মধ্যে শোকেসিং ওয়ার্কশপ আয়োজন ও প্রকল্প বাছাইয়ের জন্য সচিব মহোদয়, মহাপরিচালকগণ ও ইনোভেটরদের সমন্বয়নে সভা আয়োজন করতে হবে; | উপসচিব (প্রশাসন-৪)/অধিদপ্তর/দপ্তরসমূহ |
| ১২.৭ | সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ-কে মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ মানব সম্পদ (Human Resource) সংক্রান্ত ডাটাবেজ সফটওয়্যার (Database Software) প্রস্তুত করতে হবে; | সিস্টেম এনালিস্ট/মানব সম্পদ বিভাগ |
| ১২.৮ | দর্শনার্থীদের সেবা সহজীকরণের জন্য স্বাস্থ্য সেবা বিভাগের আওতায় একটি হেল্প ডেস্ক গঠন করতে হবে; | প্রশাসন-১ ও প্রশাসন-২ |

| ক্র: নং | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ১২.৯ | কর্মকর্তাদের নাম, পদবী, অনুবিভাগ ভিত্তিক শাখা/অধিশাখার নাম ও রুম নম্বর সম্বলিত নির্দেশিকা বোর্ড তৈরী করে ৩নং ভবন এর ৩য় ও ৪র্থ তলা এবং ক্লিনিক ভবনের দৃশ্যমান স্থানে প্রদর্শন করতে হবে; | প্রশাসন-১ ও প্রশাসন-২ |
| ১২.১০ | মাঠ পর্যায়ে ইনোভেশন প্রকল্পগুলো নিয়মিত পরিদর্শনের জন্য প্রতিমাসে যে কোন ১ (এক) জন কর্মকর্তাকে মনোনয়ন প্রদান করতে হবে; | ইনোভেশন টিম, মন্ত্রণালয়/ সকল অধিদপ্তর/দপ্তরসমূহ |

১৩. আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত: ৩১.০৭.২০১৮
(শেখ মুজিবুর রহমান)
যুগ্মসচিব (প্রশাসন)
স্বাস্থ্য সেবা বিভাগ

স্মারক নং- ৪৫.১৪১.০৯৩.০০.০০.০০৮.২০১৬-২১৫

তারিখঃ ১৮ শ্রাবণ ১৪২৫ / ০২ আগস্ট ২০১৮

সভার কার্যবিবরণীতে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন আগামী ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে প্রশাসন-৪ অধিশাখায় প্রেরণের জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হল:

**বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১. উপসচিব (সরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাপকম, ঢাকা।
২. উপসচিব, মানবসম্পদ, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৩. উপসচিব (ক্রয় ও সংগ্রহ-১/২), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাপকম, ঢাকা।
৪. উপসচিব, প্রশাসন-৩ (কাউন্সিল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাপকম, ঢাকা।
৫. উপসচিব, নার্সিং-১ শাখা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৬. ইনোভেশন অফিসার, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মতিঝিল, ঢাকা।
৭. ইনোভেশন অফিসার, চীফ টেকনিক্যাল ম্যানেজার, নিমিউ এন্ড টিসি, মহাখালী, ঢাকা।
৮. উপপ্রধান (স্বাস্থ্য), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৯. ইনোভেশন অফিসার (স্বাস্থ্য অধিদপ্তর/ঔষধ প্রশাসন অধিদপ্তর), মহাখালী, ঢাকা।
১০. সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
১১. ইনোভেশন অফিসার (নার্সিং ও মিডওয়াইফারী অধিদপ্তর/ স্বাস্থ্য অর্থনীতি ইউনিট/টেমো), ঢাকা।

**সদয় অবগতি ও কার্যার্থে:**

১. সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাপকম, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
২. যুগ্মসচিব (প্রশাসন) ও চিফ ইনোভেশন অফিসারের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাপকম, ঢাকা।

02/08/18

(ড. বিলকিস বেগম)
উপসচিব
ফোন: ৯৫৪০৩৬২
ই-মেইল: monitor@mohfw.gov.bd